যুগান্তর

JUN. 27 2002

তারিখ ... পৃষ্ঠা 2 কলাম 6



ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সামনে গাছ কাটার প্রতিবাদে ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে — যুগান্তর

# ঢাবি ক্যাম্পাসের ২০টি গাছ কাটার প্রতিবাদে ছাত্রদের মিছিল সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের দুটি জায়গা থেকে ২০টি গাছ কেটে ফেলায় প্রতিবাদের ঝড় উঠেছে। বিভিন্ন ছাত্র সংগঠন গাছ নিধনের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার ঘোষণা দিয়েছে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিগগির ক্যাম্পাসে এক হাজার চারা গাছ রোপণ করবে বলে জানা গেছে।

কেন্দ্রীয় লাইব্রেরি চত্বরে পার্সিয়ান স্টাডিজ
ভবন নির্মাণের নির্ধারিত স্থানের ১৪টি গাছ
গতকাল ভোরে কেটে ফেলা হয়। দীর্ঘদিন
রে এসব গাছ না কাটার জন্য আন্দোলন
লছিল। অন্যদিকে এসএম হল কর্তৃপক্ষ
ল ভবনের সামনে রাস্তার দুধারের ছয়টি
ষ্ণচূড়া গাছ কেটে ফেলেন। হল কর্তৃপক্ষ
ানিয়েছেন, একাডেমিক কমিটি ও
ন্ডিকেটের সিদ্ধান্ত অনুসারে গাছ কাটা
য়েছে। ক্যাম্পাসে কোন গাছ কাটতে হলে
াষাধ্যক্ষের কাছ থেকে অনুমতি গ্রহণের
য়োজন রয়েছে। কোষাধ্যক্ষ সৈয়দ
শেদুল হাসান গাছ কাটার ব্যাপারে কিছু
েনেন না বলে জানিয়েছেন। তিনি আরও
ান, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগে
ন্দ্রীয় মসজিদ, সূর্যসেন হল এবং মুজিব
এলাকায় শিগগির এক হাজার চারাগাছ
পণ করা হবে।

কেটে পরিবেশ বিনষ্টের প্রতিবাদে
কাল ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্ট,
মৈত্রী, নারী প্রগতি, প্রপদ ও সূচনা
য়ন চক্র ক্যাম্পাসে মিছিল সমাবেশ
ছে। মিছিল শেষে লাইব্রেরি চত্বরে
ত ছাত্রলীগের সমাবেশে সভাপতিত্ব
সংগঠনের সহ-সভাপতি বলরাম
র। বক্তৃতা করেন সাইফুজ্জামান
একেএম আজিম, পনিরুজ্জামান
সোহেল হাজারী, দেলোয়ার
ন প্রমুখ। ছাত্র সংগঠন নেতৃবৃন্দ যে
মূল্যে ক্যাম্পাসের পরিবেশ রক্ষার
র ব্যক্ত করেন। সাধারণ ছাত্রছাত্রীরা
ন স্টাডিজ ভবনের ভিত্তিপ্রস্তর ভেঙে
তিনটি চারাগাছ রোপণ করে